৩১

দৈনিক ইনকিলাব

তারিখ 14-DEC 1998
পৃষ্ঠা ৬ কলাম ৭

# পটুয়াখালীতে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর গম বিতরণ ৫ মাস ধরে বন্ধ

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ জেলার ৬টি থানার ২৫৯টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর আওতাধীন গম বিতরণ গত ৫ মাস ধরে বন্ধ রয়েছে। যে উদ্দেশ্যে এ প্রকল্প চালু করা হয়, হঠাৎ করে এ গম বিতরণ বন্ধ হয়ে যাওয়ার ফলে এ প্রকল্পভুক্ত জেলার ২১ হাজার ৬শ' ৪১টি দরিদ্র পরিবারের স্কুলগামী শিক্ষার্থীদের স্কুলে উপস্থিতি আগের তুলনায় হ্রাস পাওয়ায় শিক্ষা কর্মসূচী ব্যাহত হতে চলেছে।

জেলা প্রাথমিক শিক্ষা দপ্তর সূত্রে জানা গেছে, পটুয়াখালী জেলার ৫২৮টি সরকারী, ৪৮৬টি রেজিস্টার্ড এবং ৯১টি রেজিস্টার্ড ব্যতীত প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৬ থানার ১৫টি ইউনিয়নের ২৫৯টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু রয়েছে। চালুকৃত বিদ্যালয়গুলোর মধ্যে রয়েছে সদর থানার ৩টি ইউনিয়নের ৪৫টি, মির্জাগঞ্জ থানার ২টি ইউনিয়নের ৪১টি, গলাচিপা থানার ৩টি ইউনিয়নের ৪৩টি, বাউফল থানার ৩টি ইউনিয়নের ৫০টি, দশমিনা থানার ২টি ইউনিয়নের ৩৪টি, কলাপাড়া থানার ২টি ইউনিয়নের ৩৬টি। এ প্রকল্প চালু থাকলে এর দ্বারা ১৯ হাজার ৮শ' ৮০টি একক ও ১ হাজার ৭শ' ৬১টি একাধিক পরিবারসহ মোট ২১ হাজার ৬শ' ৪১টি দরিদ্র পরিবার উপকৃত হতো।

সূত্র মতে প্রকাশ, এ কর্মসূচীর আওতায় একক পরিবারের মাথাপিছু ১৫ কেজি এবং একাধিক পরিবারে মাথাপিছু ১২ কেজি হারে মাসিক কিস্তিতে গম বিতরণ করা হয়। কোন প্রকার আদেশ ছাড়াই উর্ধ্বতন কর্তৃপক্ষ জেলায় এ কর্মসূচীর আওতায় গত জুলাই মাস থেকে গম বরাদ্দ বন্ধ করে দিয়েছে। দেশে ভয়াবহ বন্যার কারণে এটি বন্ধ হয়ে থাকবে বলে সংশ্লিষ্ট মহল ধারণা করছেন। এদিকে এ গম বিতরণ বন্ধ হয়ে যাওয়ার ফলে সং[illegible] বিদ্যালয়গুলোয় আগের তুলনায় শিক্ষা[illegible] উপস্থিতির হার হ্রাস পেয়েছে।